



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৮২৫

তারিখ: ৮ পৌষ ১৪২৮

১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: “ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা” সিস্টেমের এর মাধ্যমে আমন’২০২১-২২ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম জোরদার করণ।

সূত্র: ১। কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট হতে ২৯/১০/২০২১ খ্রিঃ তারিখের ৩৪৪ নং স্মারক।

২। খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সংগ্রহ শাখার ০৮/১১/২০২১ খ্রিঃ তারিখের ২২৩ নং স্মারক।

উপযুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন’২০২১-২২ মৌসুমে দেশব্যাপী নতুন ১৬টি উপজেলা সহ মোট ৫০টি নির্বাচিত উপজেলায় পাইলট আকারে ‘ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা’ বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। সে লক্ষ্যে “ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা” বিষয়ে সংশ্লিষ্ট ১৬ উপজেলা ও এলএসডি এবং জেলার কর্মকর্তাগণের অংশগ্রহণে বেশ কয়েকটি অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও একজন সহায়ক কর্মকর্তা/কর্মচারী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও একজন সহায়ক কর্মকর্তা/কর্মচারী, সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) ও একজন সহায়ক কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়। খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সংগ্রহ শাখার সূত্রস্থ ২নং স্মারকে আমন ২০২১-২২ মৌসুমে ধান ও চাল সংগ্রহ বিষয়ক পরিপত্রে যথাযথ নির্দেশনা প্রদান করা হয়। তথাপি, সংযুক্ত ছক-এ উল্লেখিত জেলা ও উপজেলা সমূহে অদ্যাবধি “ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা” মাধ্যমে চাল সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়নি।

এক্ষনে সংযুক্ত ছকে বর্ণিত জেলা ও উপজেলা সমূহে “ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা” এর মাধ্যমে আমন’২০২১-২২ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম গ্রহণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশণা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এত মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।

১৯-১২-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: [sys@dgfood.gov.bd](mailto:sys@dgfood.gov.bd)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৮২৫/১(৩)

তারিখ: ৮ পৌষ ১৪২৮

১৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) উচ্চমান সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের  
সদয় অবগতির জন্য)



১৯-১২-২০২১

মন্ত্রীর আলম

সিস্টেম এনালিস্ট